গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট

স্মারক : মাউশি/লেইস/০১-১৩৬/জ. অ. স./২০২৫/১৪২৮ তারিখ : ২৮ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ / ১১ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয় : সরকারি ও এমপিওভুক্ত মাধ্যমিক বিদ্যালয়, স্কুল এন্ড কলেজ এবং দাখিল স্তর রয়েছে এমন মাদ্রাসায় জলবায়ু সচেতনতা অনুদান বিতরণ ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ২৮ জুন ২০২৬ তারিখে জাতীয় পর্যায়ে বৃক্ষরোপণ কর্মসূচি পালন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বিশ্বব্যাংকের ঋণ সহায়তায় বাস্তবায়নাধীন লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট এর আওতায় মাধ্যমিক পর্যায়ে জলবায়ু পরিবর্তন বিষয়ে সচেতনতামূলক কর্মসূচি বাস্তবায়নের সংস্থান রয়েছে। এ কর্মসূচির আওতায় ২০২৪-২০২৫ অর্থবছরে প্রত্যেক মাধ্যমিক বিদ্যালয়, স্কুল এন্ড কলেজ এবং দাখিল স্তর রয়েছে এমন মাদ্রাসা (সরকারি ও এমপিওভুক্ত)-এ ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা করে অনুদান প্রদান করা হয়েছে। উক্ত অনুদানের দ্বারা লেইস প্রকল্প কর্তৃক নির্ধারিত বৃক্ষরোপণ, দেয়ালিকা প্রকাশ ও বিতর্ক/উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

২। পূর্ববর্তী অর্থবছরের ধারাবাহিকতায় চলতি অর্থবছরেও লেইস প্রকল্পের আওতায় জাতীয় পর্যায়ে জলবায়ু বিষয়ক কর্মসূচি পালন করা হবে। **গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান এমপি আগামী ২৮ জুন ২০২৬ তারিখে ২৯৬২১টি শিক্ষা প্রতিষ্ঠানে একযোগে বৃক্ষরোপণ কর্মসূচি পালনের সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।** বর্ণিত কর্মসূচির আওতায় নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে:

- প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে ১টি ফলদ, ১টি বনজ ও ১টি ঔষধি বৃক্ষ রোপণ করা হবে;
- প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট এলাকার স্থানীয় জনপ্রতিনিধি, শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক ও গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত থেকে সরাসরি বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশগ্রহণ করবেন;
- প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে অনুষ্ঠানটি বড় পর্দায় সরাসরি সম্প্রচার করা হবে;
- ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অংশগ্রহণকারীগণ মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে যুক্ত হওয়ার সুযোগ পাবেন;
- শিক্ষা প্রতিষ্ঠানসমূহ অনুষ্ঠানটি সুন্দরভাবে পালনের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করবে। প্রতিষ্ঠানসমূহ উক্ত দিবসে ক্যাম্পাসে জলবায়ু বিষয়ক ব্যানার, ফেস্টুন ইত্যাদি টানানোর ব্যবস্থা করবে;
- বৃক্ষরোপণ কর্মসূচি উপলক্ষ্যে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের উদ্যোগে শিক্ষক-শিক্ষার্থীর অংশগ্রহণে ক্যাম্পাসে র‍্যালির আয়োজন করা হবে।

৩। এলক্ষ্যে, ২০২৫-২০২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় সারাদেশের সকল সরকারি ও এমপিওভুক্ত মাধ্যমিক বিদ্যালয়, স্কুল এন্ড কলেজ এবং দাখিল স্তর রয়েছে এমন মাদ্রাসায় উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসসমূহের মাধ্যমে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিতরণের নিমিত্ত নির্ধারিত iBAS হিসাবে CAFO এর মাধ্যমে জলবায়ু অনুদান বাবদ ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা করে বরাদ্দ প্রদান করা হয়েছে।

৪। এমতাবস্থায়, উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহে জলবায়ু সচেতনতা অনুদান বিতরণ এবং এ বিষয়ক কর্মসূচি পালন নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করবেন:

**ক) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অনুদানের অর্থবিতরণ:**

i. **জলবায়ু অনুদানের বরাদ্দ উত্তোলন:** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ আগামী ১৭ জুন ২০২৬ খ্রি. তারিখের মধ্যে স্ব স্ব উপজেলা হিসাবরক্ষণ অফিস থেকে জলবায়ু অনুদান বাবদ বরাদ্দকৃত অর্থ উত্তোলন করবেন। থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসের মাধ্যমে বর্ণিত বরাদ্দ উত্তোলন করবেন।

ii. **শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অনুদানের অর্থ বিতরণ:** উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট ব্যাংক হিসাব নম্বরে ২১ জুন ২০২৬ খ্রি. তারিখের মধ্যে ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা করে স্থানান্তর করবেন। একইসাথে, নিম্নবর্ণিত ছকে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে স্বাক্ষর গ্রহণ করে ব্যাংক হিসাবে অর্থ স্থানান্তরের বিবরণী প্রস্তুতপূর্বক ১ কপি স্ব স্ব কার্যালয়ে সংরক্ষণ করবেন এবং ১ কপি লেইস প্রকল্প কার্যালয়ে আগামী ২২ জুন ২০২৫ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করবেন:

| ক্রম. | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | EIIN নম্বর | প্রতিষ্ঠান প্রধানের নাম | প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর | অর্থের পরিমাণ | ব্যাংক হিসাব নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|

iii. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস ভবিষ্যতে প্রকল্প কার্যালয় ও অডিট টিমসহ সংশ্লিষ্ট সংস্থার পরিদর্শনের জন্য অনুদানের অর্থ বিতরণের মূলকপি নিজ দপ্তরে সংরক্ষণ করবে।

**খ) জলবায়ু পরিবর্তন বিষয়ে সচেতনতামূলক কর্মসূচি পালন নিশ্চিতকরণ:** উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ অনুদানপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ কর্তৃক নিম্নবর্ণিত কর্মসূচি পালন নিশ্চিত করবেন:

| ক্রম. | কার্যক্রম | নির্ধারিত সময়সীমা | বরাদ্দ |
|---|---|---|---|
| ১ | **ন্যূনতম ১টি ফলদ, ১টি বনজ ও ১টি ঔষধি বৃক্ষ রোপণ ও পরিচর্যা:** | ২৮ জুন ২০২৬ খ্রি. | ২০০০.০০ |
| | (ক) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান ন্যূনতম ১টি ফলদ, ১টি বনজ ও ১টি ঔষধি বৃক্ষ রোপণ করবে। আদর্শ চারা নির্বাচনের জন্য পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত নির্দেশনা অনুসরণ করবে (সংযুক্তি: ১)। বৃক্ষরোপণ কার্যক্রমে শিক্ষার্থীরা সরাসরি অংশগ্রহণ করবে। শিক্ষা প্রতিষ্ঠানসমূহ রোপণকৃত বৃক্ষের পাশে একটি নেমপ্লেট যুক্ত করবে। নেমপ্লেটে নিম্নবর্ণিত বর্ণনা (নমুনা) লিপিবদ্ধ করতে হবে:<br>**জলবায়ু কর্মসূচি**<br>**শিক্ষা প্রতিষ্ঠানের নাম:**<br>**গাছের নাম: আম**<br>**প্রকল্পের নাম: লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন প্রজেক্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর** | | |
| | (খ) বৃক্ষরোপণের ১ মাস পরে পুনরায় বৃক্ষের ছবি তুলে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস এবং নিম্নবর্ণিত ইমেইল ঠিকানায় প্রেরণ করতে হবে। | ১০ আগস্ট ২০২৬ খ্রি. | |
| ২ | **(ক) জলবায়ু পরিবর্তন ও সচেতনতা বিষয়ক ব্যানার, ফেস্টুন ইত্যাদি টানানো:**<br>২৮ জুন ২০২৬ খ্রি. তারিখে বৃক্ষরোপণ কর্মসূচি উপলক্ষ্যে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানকে জলবায়ু পরিবর্তনে সচেতনতা বৃদ্ধি ও দুর্যোগঝুঁকি মোকাবেলায় প্রস্তুতি বিষয়ে ব্যানার, ফেস্টুন ইত্যাদি তৈরি করে শিক্ষা প্রতিষ্ঠানের ক্যাম্পাস ও আশেপাশে টানাতে হবে। এলক্ষ্যে, প্রত্যেক শ্রেণি থেকে ১ জন করে শিক্ষার্থী নিয়ে একজন শিক্ষকের নেতৃত্বে ব্যানার, ফেস্টুন প্রস্তুতি কমিটি গঠন করা হবে।<br>**(খ) জলবায়ু পরিবর্তন ও সচেতনতা বিষয়ক র‍্যালি/সেমিনার আয়োজন:**<br>শিক্ষা প্রতিষ্ঠানসমূহ জলবায়ু পরিবর্তন ও সচেতনতা বিষয়ে র‍্যালি অথবা সেমিনার আয়োজন করবে। | ২৮ জুন ২০২৬ খ্রি. | ৩০০০.০০ |

৫। শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বৃক্ষরোপণ, ব্যানার/ফেস্টুন প্রকাশ এবং র‍্যালি/সেমিনার আয়োজন কার্যক্রমের প্রতিটির ২টি করে মোট ৬টি ভালো মানের ছবি এবং র‍্যালি/সেমিনারের সর্বোচ্চ ২ মিনিটের ভিডিও উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস এবং laiseclimate@gmail.com ইমেইল ঠিকানায় প্রেরণ করবে। ইমেইলের বিষয়ে সংশ্লিষ্ট District: Upazila: Educational institution Name উল্লেখ থাকতে হবে।

৬। এ পরিপ্রেক্ষিতে, উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণকে লেইস প্রজেক্ট এর আওতায় মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে জলবায়ু সচেতনতা অনুদান বিতরণ এবং শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক জলবায়ু সচেতনতা বিষয়ক কর্মসূচি পালন নিশ্চিতকরণে উপর্যুক্ত পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১১.০৬.২৬

প্রফেসর ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

**উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)**
**উপজেলা:............., জেলা:...............।**

স্মারক : মাউশি/লেইস/০১-১৩৬/জ. অ. স./২০২৫/১৪২৮ তারিখ : ২৮ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ / ১১ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি (কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল [সংশ্লিষ্ট অঞ্চলের উপজেলাসমূহে অর্থবিতরণ ও কর্মসূচি পালন নিশ্চিতকরণের অনুরোধসহ];
২. উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল [সংশ্লিষ্ট অঞ্চলের উপজেলাসমূহে অর্থবিতরণ ও কর্মসূচি পালন নিশ্চিতকরণের অনুরোধসহ];
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ];

৪. জেলা শিক্ষা অফিসার, সকল জেলা (সংশ্লিষ্ট জেলার উপজেলাসমূহের অবহিতকরণ ও কার্যসূচি সফল নিশ্চিতকরণের অনুরোধসহ);
৫. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান;

অনুলিপি সদয় অবগতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় [দৃ. আ. অতিরিক্ত সচিব (উন্নয়ন)];
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
৩. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
৪. জেলা প্রশাসক, সকল জেলা;
৫. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা;
৬. পিএস টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ;
৭. সংরক্ষণ নথি।

(প্রফেসর মোঃ আসাদুজ্জামান)
প্রকল্প পরিচালক (অ. দা.)
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট